গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,চুয়াডাঙ্গা
(শিক্ষা ও আইসিটি শাখা)
www.chuadanga.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.১৮০০.১০৪.০৬.০০১.২৩- ২৪৮

তারিখ: ০১ অগ্রহায়ণ, ১৪৩০ / ১৫ নভেম্বর, ২০২৩

বিষয়: জেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠিত হওয়া প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা আইসিটি কমিটির সভা আগামী ২৮/১১/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/১১/২০২৩

(মোঃ তরিকুল ইসলাম)
প্রোগ্রামার (অ:দা:)
আইসিটি অধিদপ্তর
চুয়াডাঙ্গা

প্রাপক : .............................
...........................
.............................।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা**
**(শিক্ষা ও আইসিটি শাখা)**
**www.chuadanga.gov.bd**

## জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. কিসিঞ্জার চাকমা<br>জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২৯/১০/২০২৩ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক-তে দেখানো হলো।

সভাপতি জেলা আইসিটি কমিটির সভায় সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) গত সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন/সংযোজনী না থাকায় সেপ্টেম্বর/২০২৩ মাসের জেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। আইসিটি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | জেলা পর্যায়ের সকল অফিসের তথ্য সম্বলিত ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কোন সরকারি কর্মকর্তা বদলি হলে বদলির আদেশের কপি প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা বরাবর প্রেরণ করতে হবে। সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদকরণের বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল) চুয়াডাঙ্গা। |
| ২ | জেলা পর্যায়ে 'আইসিটি কর্নার' সংযোজন ও তথ্য হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল)/ সকল উদ্যোক্তা। |
| ৩ | উদ্যোক্তাদেরকে নিয়ে জেলা ও উপজেলা পর্যায়ে প্রতি মাসে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল)/ সকল উদ্যোক্তা। |
| ৪ | ১) উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ইন্টারনেট সংযোগ, সরঞ্জাম এবং অন্যান্য বিষয়াদি নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) উদ্যোক্তাগণের মধ্যে ভালো কাজের স্বীকৃতিস্বরূপ সর্বোচ্চ আয়কারী ০৩ জন উদ্যোক্তাকে ফুল দিয়ে শুভেচ্ছা এবং সর্বনিম্ন আয়কারী উদ্যোক্তাদেরকে তাদের আয় বৃদ্ধি করার তাগিদ দেওয়ার পূর্বতন সিদ্ধান্ত বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উদ্যোক্তাদের মাসিক আয়-ব্যয় সংক্রান্ত তথ্যের সঠিকতা উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক তদারকি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) / সহকারী প্রোগ্রামার (সকল)/ সকল ইউপি সচিব/সকল উদ্যোক্তা |

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৫ | জেলাধীন সকল দপ্তরের অফিস প্রধানগণ সশরীরে উপস্থিত হতে না পারলেও অনলাইনে জুম ক্লাউড মিটিং অ্যাপস ব্যবহার করে সভায় উপস্থিত নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ সংশ্লিষ্ট সকল অফিস প্রধান/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (সকল), চুয়াডাঙ্গা |
| ৬ | সকল উপজেলা থেকে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা কার্যবিবরণী প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে তাগিদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), চুয়াডাঙ্গা। |
| ৭ | ১) সহকারী প্রোগ্রামারগণ শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করবেন। সহকারী প্রোগ্রামারগণ শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করছেন কিনা এ বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত তদারকি করবেন।<br><br>২) সভায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের আইসিটি শিক্ষকগণ উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩) যে সকল ল্যাবের সরঞ্জামাদি অকার্যকর/নষ্ট হয়েছে তার তালিকা আগামী সভায় সকল উপজেলার সহকারী প্রোগ্রামারগণ উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি)/ জেলা শিক্ষা অফিসার/ প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল), চুয়াডাঙ্গা |
| ৮ | পরবর্তী জেলা আইসিটি কমিটির সভায় জেলা পাসপোর্ট অফিসের কার্যক্রমের উপর সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা পাসপোর্ট অফিস, চুয়াডাঙ্গা |
| ৯ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, জীবননগর ও আলমডাঙ্গা ২৯/১০/২০২৩ তারিখে জেলা আইসিটি কমিটির সভায় অনুপস্থিত থাকায় তাদের ব্যাখ্যা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চুয়াডাঙ্গা |
| ১০ | শ্রেষ্ঠ উদ্যোক্তা মূল্যায়নের ক্ষেত্রে জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিশেষত ৪৫ (পয়তাল্লিশ) দিনের মধ্যে সম্পন্নকরণের হার, কতজন নাগরিককে কী ধরনের সেবা প্রদান করা হয়েছে এবং আয়ের পরিমাণ-এই তিনটি বৈশিষ্ট্য বিবেচ্য হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রোগ্রামার , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চুয়াডাঙ্গা |

সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভাপতি সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

15/11/2023

(ড. কিসিঞ্জার চাকমা)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি কমিটি
চুয়াডাঙ্গা
☏: ০২-৪৭৭৭৮৮৭১১
E-mail: dcchuadanga@mopa.gov.bd

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জেলা প্রশাসকের কার্যালয়,চুয়াডাঙ্গা**
**(শিক্ষা ও আইসিটি শাখা)**
**www.chuadanga.gov.bd**

স্মারক নং-০৫.৪৪.১৮০০.১০৪.০৬.০০১.২৩- ২৪৭

তারিখ: ৩০ কার্তিক, ১৪৩০ / ১৫ নভেম্বর, ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৬। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
০৭। জনাব ......................................................................................

15/11/2023

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা